# উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প (iDEA প্রকল্প)

## গবেষণা গাইডলাইন, ২০২২

### গবেষণা গাইডলাইনের উদ্দেশ্যসমূহ

উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প (iDEA প্রকল্প) এর গবেষণা গাইডলাইনের উদ্দেশ্যসমূহ নিম্নরুপ

১। বাংলাদেশে স্টার্টআপ ইকোসিস্টেম বিনির্মাণের চ্যালেঞ্জ বা প্রতিবন্ধকতাসমূহ খুঁজে বের করা।

২। স্টার্টআপদের জন্য একটি সহায়ক পরিবেশ তৈরিতে iDEA প্রকল্প এবং শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা ও বন্ধন জোরদার করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া উচিত তা চিহ্নিত করা।

৩। বাংলাদেশে একটি স্বাস্থ্যকর স্টার্টআপ সংস্কৃতি বিকাশের জন্য সরকার, প্রতিষ্ঠিত স্টার্টআপ ও শিল্প প্রতিষ্ঠান এবং শিক্ষাবিদদের মধ্যে সহযোগিতার ক্ষেত্রকে প্রাতিষ্ঠানিক রুপ দেওয়ার জন্য করণীয় নির্ধারণ করা।

৪। প্রান্তিক পর্যায়ের স্টার্টআপগুলির কাছে কীভাবে পৌঁছানো যায় ও তাদেরকে উৎসাহিত করা যায় তার পদ্ধতি নিরুপণ করা এবং তারা সফল হওয়ার ক্ষেত্রে কী কী বাঁধা বা চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে তা চিহ্নিত করা।

৫। গ্রামীণ স্টার্টআপ/উদ্যোক্তাদের ধারণাকে পরিণত করতে কী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে তা নিরুপন করা।

৬। iDEA প্রকল্প হতে গ্র্যান্ট প্রদানকৃত স্টার্টআপগুলোর মধ্যে যারা ব্যর্থ হয়েছে সে কারণগুলো চিহ্নিত করা।

৭। যেসকল স্টার্টআপের সফল হওয়ার সমস্ত উপাদান থাকার পরেও ব্যর্থ হয়েছে তার কারণ খুঁজে বের করা।

৮। বাংলাদেশে একটি স্টার্টআপের সফল হওয়ার ক্ষেত্রে গো-টু-মার্কেট স্ট্রেটেজি (উপযুক্ত বিজনেস মডেল, সঠিক মার্কেটিং ও সেলস স্ট্রাটেজি, ফাইনান্সিয়াল স্ট্রাটেজি, ভারসাম্যপূর্ণ টিম গঠন) কি হওয়া উচিত তা চিহ্নিত করা।

৯। এঞ্জেল ইনভেস্টর ও ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানীগুলোর কাছ থেকে বিনিয়োগ নিয়ে আসার ক্ষেত্রে iDEA প্রকল্পের পোর্টফোলিও স্টার্টআপসহ অন্যান্য স্টার্টআপগুলো কী কী চ্যালেঞ্জ এর মুখোমুখি হচ্ছে তা নিরুপণ করা।

১০। চতুর্থ শিল্প বিপ্লব এর সহায়ক প্রযুক্তিগুলি (ব্লকচেইন, বিগডেটা, মেশিন লার্নিং, আইওটি, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, সাইবার সিকিউরিটি) স্টার্টআপদের জন্য কী কী চ্যালেঞ্জ তৈরি করছে তা খুঁজে বের করা।

১১। চতুর্থ শিল্প বিপ্লব এর সহায়ক প্রযুক্তিগুলি (ব্লকচেইন, বিগডেটা, মেশিন লার্নিং, আইওটি, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, সাইবার সিকিউরিটি) স্টার্টআপগুলো প্রয়োজনীয় ক্ষেত্রে গ্রহণ করছে কি না তা খুঁজে বের করা।

১২। চতুর্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন প্রযুক্তির উদ্ভবের কারণে যে পরিমাণ দক্ষ জনশক্তি প্রয়োজন তা খুঁজে বের করা।

১৩। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় iDEA প্রকল্পের পোর্টফোলিও স্টার্টআপসহ স্টার্টআপ ইকোসিস্টেমের অন্যান্য স্টার্টআপরা কী অবদান রাখতে পারে তার সম্ভাব্য ক্ষেত্রগুলো চিহ্নিত করা।

১৪। iDEA প্রকল্পের পোর্টফোলিও স্টার্টআপগুলো উন্নত বাংলাদেশ বিনির্মাণে তথা চাকরি তৈরিতে ও অর্থনীতিতে কি অবদান রাখছে তা খুঁজে বের করা।

## গবেষণা কমিটির কাঠামো

ক) ড. রিজওয়ান খায়ের (সাবেক যুগ্মসচিব), সহযোগী অধ্যাপক, নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয় ---- সভাপতি

খ) প্রকল্প পরিচালক, iDEA প্রকল্প ---- সদস্য

গ) উপ-প্রকল্প পরিচালক, iDEA প্রকল্প ---- সদস্য

ঘ) উপসচিব (গবেষণা ও ফেলোশিপ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ---- সদস্য

ঙ) পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ---- সদস্য

চ) সিনিয়র কন্সালটেন্ট (রিসার্চ এন্ড ইনোভেশন স্পেশালিস্ট), iDEA প্রকল্প ---- সদস্য

ছ) রিসার্চ অফিসার, iDEA প্রকল্প ---- সদস্য সচিব

### কার্যপরিধিঃ

ক) iDEA প্রকল্পের সকল গবেষণা প্রস্তাব পর্যালোচনা করা ও অনুমোদনের জন্য সুপারিশ করা

খ) গবেষণা প্রতিবেদন প্রকাশ সম্পর্কে অভিমত প্রদান করা

গ) সময়ের পরিবর্তনে প্রয়োজনে গবেষণা গাইডলাইন পরিবর্তনের সুপারিশ করা

## গবেষণা প্রস্তাব আহবান, পর্যালোচনা ও অনুমোদনের প্রক্রিয়া

ক) গবেষণা গাইডলাইনের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়সমূহের উপর ও গবেষণা গাইডলাইনে উল্লেখিত উদ্দেশ্যে বর্ণিত সমস্যা/চ্যালেঞ্জসমূহ সমাধানকল্পে iDEA প্রকল্পের অর্থে গবেষণা কার্যক্রম পরিচালনা করা যাবে।

খ) iDEA প্রকল্প এর রিসার্চ অফিসার প্রতি অর্থবছরের জুলাই মাসে সেই অর্থবছরের জন্য আইসিটি বিভাগ ও তার আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ হতে গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট ফরম্যাটে গবেষণা প্রস্তাব আহ্বান করবেন।

গ) গবেষণাকে প্রতিযোগিতামূলক করার জন্য কমপক্ষে দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং একটি ইংরেজি) বিজ্ঞপ্তির মাধ্যমে গবেষণা প্রস্তাব আহ্বান করা হবে

ঘ) একটি গবেষণা দলে ন্যূনতম ৩ জন ও সর্বোচ্চ ৬ জন সদস্য থাকতে পারবেন। গবেষণা দলে অবশ্যই একজন মুখ্য গবেষক ও একজন উপ-মুখ্য গবেষক থাকবেন এবং বাকীরা সুপারভাইজর, কো-সুপারভাইজর, গবেষক ও গবেষণা সহযোগী হিসেবে থাকবেন।

ঙ) যে কোনও মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কর্মকর্তাগণ গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন। রিসার্চে ভালো ট্র্যাক রেকর্ড আছে এমন যে কোনও গবেষক গবেষণা দলের সুপারভাইজর হিসেবে থাকতে পারবেন। তবে iDEA প্রকল্পের কোনও কর্মকর্তা গবেষণা কর্মের মূখ্য গবেষক হতে পারবেন না।

চ) প্রতিবছরের জুলাই মাসে আহ্বানকৃত গবেষণা প্রস্তাব ছাড়াও বছরের অন্য যেকোনো সময় গবেষণা প্রস্তাব জমা দেওয়া যাবে।

ছ) গবেষণা কমিটি কর্তৃক প্রি-স্ক্রীনিং করার পরে উপযুক্ত প্রস্তাবনাসমূহ নিয়ে সেমিনারের আয়োজন করা হবে এবং গবেষণা কমিটি উক্ত সেমিনার পর্যালোচনা করে এগুলো গ্রহণ বা বাতিলের সুপারিশ করবে অথবা সংশোধিত আকারে পেশ করার জন্যে নির্দেশনা প্রদান করবে ।

জ) কোনও গবেষণা প্রস্তাবে গবেষণা কমিটির কোনো সদস্য অন্তর্ভুক্ত হলে উক্ত গবেষণা প্রস্তাব মূল্যায়নের সময় তিনি উপস্থিত থাকবেন না।

ঝ) গবেষণা কমিটি গবেষণার প্রস্তাবসমূহ পরীক্ষা-নিরীক্ষা করার পর চূড়ান্ত অনুমোদনের জন্য নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এঁর নিকট সুপারিশ করবে।

**গবেষণা কর্মের ধরণ**

অনুমোদিত বাজেট অনুসারে তিন ধরণের গবেষণা কর্মের প্রস্তাব বিবেচনায় নেওয়া হবে

১। ক্ষুদ্র গবেষণা কর্ম যার বাজেট অনূর্ধ্ব ০৪ (চার) লক্ষ টাকা

২। মাঝারি গবেষণা কর্ম যার বাজেট ৪ (চার) লক্ষ ১ (এক) টাকা থেকে ১০ (দশ) লক্ষ টাকা

৩। বড় গবেষণা কর্ম যার বাজেট ১০ (দশ) লক্ষ ১ (এক) টাকা থেকে ২০ (বিশ) লক্ষ টাকা

তবে গবেষণা কর্মের আর্থিক পরিধি নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সময়ে সময়ে নির্ধারণ ও পরিবর্তন করতে পারবেন।

**গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ**

একটি গবেষণা প্রস্তাবে প্রধানত অন্তর্ভুক্ত থাকবে

ক) ভূমিকা

খ) গবেষণা সমস্যা সংজ্ঞায়িত করা

গ) গবেষণার যৌক্তিকতা

ঘ) গবেষণার উদ্দেশ্য

ঙ) গবেষণার পরিধি

চ) গবেষণা পদ্ধতি (বিস্তারিত বিবরণসহ)

ছ) গবেষণা কর্মে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ নাম ও সংক্ষিপ্ত পরিচিতি

জ) কর্মপরিকল্পনা এবং সময়সীমা

ঝ) বাজেট

ঞ) গবেষণা কর্মের মুখ্য গবেষক বা উপ-মুখ্য গবেষক এর জীবনবৃত্তান্ত

**গবেষণা কর্মের মেয়াদ**

গবেষণা কর্মের মেয়াদ সাধারণভাবে অর্থবছরের মধ্যে থাকবে। তবে গবেষণা কমিটির সুপারিশক্রমে নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।

**গবেষণা কর্মের আরম্ভ**

গবেষণা কর্ম অনুমোদনের পর প্রতিটি অনুমোদিত গবেষণা কর্মের অনুকূলে iDEA প্রকল্প আদেশ জারি করবে এবং একই সময়ে প্রতিটি গবেষণা কর্মের অনুকূলে প্রথম কিস্তির অর্থ অগ্রিম হিসেবে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। iDEA প্রকল্পের আদেশ জারির তারিখ থেকে গবেষণা কর্মের আরম্ভ গণনা করা হবে।

**গবেষণা কর্মের অগ্রগতি পর্যালোচনা**

প্রতিটি গবেষণা কর্মের মুখ্য গবেষক বা উপ-মুখ্য গবেষক ২ মাস পর পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে iDEA প্রকল্পের রিচার্স অফিসারের নিকট পেশ করবে। প্রতি ২ মাস পর পরবর্তী মাসের শেষ সপ্তাহে গবেষণা কর্মসমূহের অগ্রগতি পর্যালোচনা করার নিমিত্ত গবেষণা কমিটির সভা আহবান করা হবে। গবেষণা কর্মসমূহের অগ্রগতি অসন্তোষজনক হলে iDEA প্রকল্প হতে কোন কোন বিষয়ে অগ্রগতি অসন্তোষজনক তা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক পত্র মারফত সংশ্লিষ্ট গবেষণা দলকে জানিয়ে দেওয়া হবে।

**খসড়া গবেষণা সমাপ্তি প্রতিবেদন সেমিনারে উপস্থাপন ও চূড়ান্ত অনুমোদন**

১। গবেষণার মধ্যবর্তী পর্যায়ে গবেষক দল তাদের গবেষণার অগ্রগতি একটি মধ্যবর্তী সেমিনারে উপস্থাপন করবেন। গবেষক দল সেমিনারে প্রাপ্ত মতামত গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিবেচনায় নিবেন।

২। প্রতিটি গবেষণা কর্মের সমাপ্তির প্রথম খসড়া প্রতিবেদন গবেষণা কমিটির উপস্থিতিতে সেমিনারে উপস্থাপন করতে হবে। গবেষক দল সেমিনারে প্রাপ্ত মতামত গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিবেচনায় নিবেন এবং সে অনুযায়ী গবেষণা প্রতিবেদন পরিমার্জন করবেন।

৩। গবেষণা সমাপ্তি প্রতিবেদন চূড়ান্ত অনুমোদনের জন্য গবেষণা কমিটিতে উপস্থাপনের নিমিত্ত সংশ্লিষ্ট গবেষক দল পরিমার্জিত গবেষণা প্রতিবেদনের ১০ (দশ) কপি গবেষণা কমিটি বরাবর দাখিল করবে। গবেষণা কমিটি উপযুক্ত মনে করলে যাচাই-বাছাইয়ের পর চূড়ান্ত অনুমোনের জন্যে সুপারিশ করবে।

৪। গবেষণা প্রস্তাব চূড়ান্ত মূল্যায়নের জন্য দাখিলের পূর্বে গবেষণা দলের সকল সদস্য গবেষণায় সক্রিয় অংশগ্রহণ করেছেন মর্মে গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত ডিক্লারেশন ফর্মে স্বাক্ষর করতে হবে।

৫। গবেষণা কর্মের ক্ষেত্রে চূড়ান্ত প্রতিবেদনের লিটারেচার রিভিউ এর সর্বোচ্চ ২৫ শতাংশ অন্য কোনও গবেষণা/গবেষণা প্রতিবেদন/জার্নাল/সাময়িকী/নিবন্ধ এর সাথে মিল থাকতে পারবে।

**গবেষণা প্রতিবেদনের স্বত্ব**

iDEA প্রকল্পের অর্থে পরিচালিত সকল গবেষণা কর্মের প্রতিবেদনের স্বত্ব যৌথভাবে iDEA প্রকল্প ও গবেষক দলের নিকট ন্যস্ত থাকবে। iDEA প্রকল্প যে কোনও সময় গবেষণা কর্মের প্রতিবেদন প্রকাশ করতে পারবে, এজন্য সংশ্লিষ্ট গবেষক দলের অনুমতির প্রয়োজন হবে না। তবে গবেষকদল iDEA প্রকল্পের অনুমতি সাপেক্ষে আইডিয়া প্রকল্পের বাইরে অন্য কোথাও গবেষণা কর্মটি প্রকাশনার ব্যবস্থা করতে পারবে।

**গবেষণা কর্ম পরিচালনার যোগ্যতা ও শর্তাবলী**

১। গবেষণায় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের যে কোনও নাগরিক গবেষণায় অংশগ্রহণ করতে পারবে।

২। গবেষণা কর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করার দায়-দায়িত্ব ও যাবতীয় আর্থিক দায়-দায়িত্ব গবেষণা কর্মের সকল সদস্যকে সমানভাবে বহন করতে হবে।

৩। গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর গবেষণা কর্মের মুখ্য গবেষক বা উপ-মুখ্য গবেষক বা উভয়েই পরলোকগমন করলে বা দায়িত্ব পালনে অসমর্থ হলে বাকী সদস্যবৃন্দ গবেষণা কমিটির অনুমোদন সাপেক্ষে গবেষণা কর্মটি শেষ করতে পারবেন। সেক্ষেত্রে গবেষণা কর্মের যাবতীয় আর্থিক দায়-দায়িত্ব বাকি সদস্যদের সমানভাবে বহন করতে হবে।

৪। গবেষণা কর্মের সকল বিল-ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং গবেষণা সমাপ্তির পর তা iDEA প্রকল্প অফিসে দাখিল করতে হবে।

৫। অনুমোদিত গবেষণা দলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা গবেষণা কমিটির অনুমোদন নিতে হবে।

৬। একজন গবেষক একটি অর্থবছরে সাধারণভাবে কেবল একটি গবেষণা প্রকল্পে সম্পৃক্ত হতে পারবেন। তবে গবেষণা কমিটির অনুমোদনক্রমে বিশেষ বিবেচনায় একাধিক গবেষণায়ও সম্পৃক্ত হওয়া যাবে।

৭। যদি iDEA প্রকল্পের কোনও কর্মকর্তা গবেষণা কর্মে যুক্ত থাকেন তবে সেক্ষেত্রে গবেষণা কর্ম সম্পাদনের জন্য কৃত ভ্রমণ কালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। তবে উক্ত ভ্রমণের জন্য গবেষণা প্রকল্পের বাজেট হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করতে হবে। iDEA প্রকল্প হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

৮। iDEA প্রকল্পের কোনও কর্মকর্তা গবেষণা দলের সদস্য হওয়ার জন্য প্রকল্পের কাজে ব্যাঘাত ঘটানো যাবে না এবং গবেষণা কাজ সম্পন্ন করার জন্য আলাদাভাবে কোনও ছুটি দাবি করা যাবে না।

## গবেষণা কর্মের আর্থিক ব্যবস্থাপনা

১। প্রতিটি অনুমোদিত গবেষণা কর্মের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৪০% অর্থ গবেষণার সাথে সম্পৃক্ত ব্যক্তি/ ব্যক্তিবর্গ সম্মানী হিসেবে নিতে পারবেন।

২। প্রতিটি গবেষণা প্রস্তাবের প্রাথমিক মূল্যায়নের জন্য প্রতিজন মূল্যায়নকারী ৩০০০ (তিন হাজার) টাকা পাবেন এবং এই ব্যয় iDEA প্রকল্পের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে বহন করা হবে।

৩। গবেষণা শেষে প্রতিটি গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত মূল্যায়ন এর জন্য গবেষণা কমিটির সদস্যগণ প্রত্যেকে ৩০০০ (তিন হাজার) টাকা সম্মানী হিসেবে প্রাপ্য হবেন এবং উক্ত অর্থ অনুমোদিত গবেষণা কর্মের জন্য বরাদ্দকৃত অর্থ থেকে মেটানো হবে।

৪। iDEA প্রকল্প বহির্ভূত গবেষণা সদস্যগণের যাতায়ত ও দৈনিক ভাতা, খসড়া গবেষণা প্রতিবেদন সেমিনারে উপস্থাপন ব্যয়, খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন মুদ্রণ ব্যয়, আয়োজিতব্য সেমিনারের অতিথি, সভাপতি, আলোচকবৃন্দ ও রেপোর্টিয়ারের সম্মানী, প্রশ্নমালা এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন, মুদ্রণ ও বাঁধাই, স্টেশনারি ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ও জ্বালানি তেলের খরচ গবেষণা কর্মের বাজেট হতে ব্যয়িত হবে।

৫। খসড়া প্রতিবেদন বিবেচনার উদ্দেশ্যে আয়োজিত সেমিনারের অতিথি, সভাপতি, আলোচক প্রত্যেকে সর্বোচ্চ ৪০০০ (চার হাজার) টাকা করে সম্মানী প্রাপ্য হবেন যা iDEA প্রকল্পের বাজেট থেকে প্রদান করা হবে। অনুমোদিত গবেষণা কর্মের বাজেটের আলোকে সংশ্লিষ্ট মুখ্য গবেষক গবেষণা কর্মের বিভাজন iDEA প্রকল্পের রিসার্চ অফিসারের নিকট পেশ করবে এবং প্রতিটি অনুমোদিত গবেষণা কর্মের বাজেট বিভাজন iDEA প্রকল্প কর্তৃক অনুমোদিত হবে।

৬। গবেষণা কর্মের আউটলাইন ও কর্মপরিকল্পনা প্রাপ্তির পর বরাদ্দকৃত অর্থের প্রথম কিস্তির টাকা ছাড় করা যাবে। সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হওয়া সাপেক্ষে দ্বিতীয় ও চূড়ান্ত কিস্তির টাকা ছাড় করতে হবে। গবেষণা প্রতিবেদন উপস্থাপন সেমিনারের সুপারিশের ভিত্তিতে গবেষণা প্রতিবেদনের সংশোধন এবং গবেষণা কমিটির অনুকূল মতামত প্রাপ্তি সাপেক্ষে দ্বিতীয় ও চূড়ান্ত কিস্তির অর্থ ছাড় করতে হবে। প্রথম কিস্তির অর্থ সমন্বয় না করা পর্যন্ত দ্বিতীয় ও চূড়ান্ত কিস্তির অর্থ ছাড় করা যাবে না।

## বিবিধ

১। গাইডলাইন বহির্ভূত কোন বিষয় বিবেচনার জন্য উপস্থাপিত হলে গবেষণা কমিটির সুপারিশক্রমে নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বিষয়টি নিষ্পত্তি করবেন।

২। iDEA প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর পূর্ণাংগ iDEA একাডেমি প্রতিষ্ঠিত হলে গবেষণা সংশ্লিষ্ট সকল বিষয় এ গাইডলাইনের আওতায় iDEA একাডেমি কর্তৃক পরিচালিত হবে। iDEA প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর পূর্ণাংগ iDEA একাডেমি প্রতিষ্ঠিত না হলে গবেষণা সংশ্লিষ্ট সকল বিষয় এ গাইডলাইনের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক পরিচালিত হবে।

04/09/22
মোঃ আশিকুল ইসলাম
গবেষণা কর্মকর্তা
উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,

04/09/22
DR. MD. MIZANUR RAHMAN
Deputy Project Director (Deputy Secretary)
Innovation Design and Entrepreneurship Academy
Bangladesh Computer Council
ICT Tower, Agargaon, Dhaka

06-09-22
R H M Alaol Kabir
Senior Assistant Secretary
&
Senior Consultant (Research & Innovation Specialist),
iDEA Project, BCC, ICT Division

04/09/2022
মোঃ আলতাফ হোসেন
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার